


## মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্তে জ্ঞাতব্য বিষয়ঃ

০১. মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীকে নতুন/পৃথকভাবে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। ইতঃপূর্বে ইস্যুকৃত (লিখিত পরীক্ষার জন্য) প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
০২. উত্তীর্ণ প্রার্থীদেরকে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য সকল সনদের মূলকপি ও তার ০১ (এক) সেট সত্যায়িত (১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি (খ) পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত রঙিন ফটো (গ) নাগরিকত্ব সনদ (ঘ) জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
০৩. নিয়োগ বিজ্ঞপ্তির চাহিদাকৃত তথ্য এবং আবেদন ফরমের সকল তথ্যের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীসহ উপর্যুক্ত সকল প্রার্থীদের মূল সনদ/প্রমাণাদি সঙ্গে আনতে হবে।
০৪. চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় ছাড়পত্র দাখিল করতে হবে।
০৫. আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার অনুকূলে নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
০৬. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৭. প্রার্থীদের আবেদনে কোন প্রকার তথ্য গোপন বা ভুল তথ্য পাওয়া গেলে তদবিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৮. নিয়োগ সংক্রান্তে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০৯. লিখিত পরীক্ষার ফলাফল ও মৌখিক পরীক্ষার সময়সূচীর বিষয়ে প্রার্থীদের নিজ নিজ মোবাইলে এসএসএস (বার্তা)-এর মাধ্যমে অবহিত করা হবে।

  
প্রকৌ. আবুল বাসার  
মহাব্যবস্থাপক(প্রশাসন), অতি. দায়িত্ব  
বিজিডিসিএল, কুমিল্লা